


যুগান্তর

বিশ্ব শিক্ষক দিবসের আলোচনা

টাইমস্কেল বাস্তবায়ন ও শিক্ষাব্যবস্থা জাতীয়করণ দাবি

প্রকাশ : ০৬ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট

অবিলম্বে শিক্ষাব্যবস্থা জাতীয়করণসহ টাইম স্কেল বাস্তবায়নের দাবি জানিয়েছে বাংলাদেশ শিক্ষক সমিতি। শনিবার জাতীয় প্রেস ক্লাবে বিশ্ব শিক্ষক দিবসের আলোচনায় সমিতির নেতারা শিক্ষকদের ঐচ্ছিক বদলি ও ঈদ বোনাস বাড়ানোর প্রস্তাব রাখেন। তারা বলেন, শিক্ষকদের ক্ষুধার্ত রেখে শিক্ষার গুণগত মান উন্নয়ন সম্ভব নয়। এর আগে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে প্রেস ক্লাবের সামনে র্যালি ও শিক্ষক সমাবেশ আয়োজন করা হয়। এতে মেধাবীদের শিক্ষকতা পেশায় আকৃষ্ট করতে মাধ্যমিক শিক্ষাকে জাতীয়করণের দাবি জানানো হয়েছে।

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ বজলুর রহমান মিয়ার সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য ও মহিলাবিষয়ক উপকমিটির চেয়ারম্যান প্রফেসর ড. সুলতানা শফি, বাংলাদেশ শিক্ষক সমিতির উপদেষ্টা সাঈদুল ইসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গীত বিভাগের সাবেক চেয়ারম্যান ড. মহসিন আক্তার খানম প্রমুখ। বক্তারা বলেন, শিক্ষকদের বেতন বৈষম্য রয়ে গেছে। ১৫ বছর ধরে ঈদ বোনাস দেয়া হচ্ছে ২৫ শতাংশ। এখনও শিক্ষকদের বাড়ি ভাড়া এক হাজার টাকা, চিকিৎসা ভাতা মাত্র ৫০০ টাকা। বাস্তবতার সঙ্গে এর কোনো মিল নেই। তারা বলেন, দেশে শিক্ষক নির্যাতনের ঘটনা বাড়ছে। কথায় কথায় তাদের চাকরিচ্যুত করা হচ্ছে। স্কুল ম্যানেজিং কমিটির তৎপরতায় পুরো স্কুল জিম্মি হয়ে পড়ছে। বক্তারা আরও বলেন, পৃথিবীর বহু দেশে বিশ্ব শিক্ষক দিবস গুরুত্বের সঙ্গে পালন করা হয়। কিন্তু বাংলাদেশে সরকারিভাবে দিবসটি পালন করা হয় না। সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশব্যাপী দুর্নীতিবিরোধী অভিযানের প্রশংসা করেন। সেই সঙ্গে ৩৭ হাজার শিক্ষা প্রতিষ্ঠানকে একসঙ্গে জাতীয়করণের ঘোষণা দেয়ায় ধন্যবাদ জানানো হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।